

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৮৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. মুশরিক লোকের মসজিদে প্রবেশ

باب مَا جَاءَ فِي الْمُشْرِكِ يَدْخُلُ الْمَسْجِدَ

#### আরবী

حَدَّثَنَا عِيسَى بْنُ حَمَّاد، حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ سَعِيدِ الْمَقْبُرِيِّ، عَنْ شَرِيكِ بْنِ عَبْدِ اللهِ بْنِ أَلِي نُمِرٍ، أَنَّهُ سَمِعَ أَنسَ بْنَ مَالِك، يَقُولُ دَخَلَ رَجُلُ عَلَى جَمَلِ فَأَنَاخَهُ فِي الْمَسْجِدِ ثُمَّ عَقَلَهُ ثُمَّ قَالَ أَيُّكُمْ مُحَمَّدٌ وَرَسُولُ اللهِ صلى الله عليه وسلم مُتَّكِئُ بَيْنَ ظَهْرَانَيْهِمْ فَقُلْنَا لَهُ هَذَا الأَبْيَضُ الْمُتَّكِئُ . فَقَالَ الرَّجُلُ يَا ابْنَ عَبْدِ الْمُطَّلِبِ . فَقَالَ لَهُ النَّبِيُّ صلى الله عليه وسلم " قَدْ أَجَبْتُكَ " . فَقَالَ لَهُ الرَّجُلُ يَا مُحَمَّدُ إِنِّي سَائِلُكَ . وَسَاقَ الْحَدِيثَ . وسلم " قَدْ أَجَبْتُكَ " . فَقَالَ لَهُ الرَّجُلُ يَا مُحَمَّدُ إِنِّي سَائِلُكَ . وَسَاقَ الْحَدِيثَ .

\_ صحیح : ق

#### বাংলা

৪৮৬। আনাস ইবনু মালিক (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি উটের পিঠে সওয়ার হয়ে মসজিদে (নাববীর) কাছে আসল। এরপর উটটি মসজিদের আঙ্গিনায় বেঁধে বলল, আপনাদের মধ্যে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন সাহাবীগণের সামনেই বসা ছিলেন। আমরা লোকটিকে বললাম, এই যে সাদা বর্ণের লোকটি হেলান দিয়ে বসে আছেন- ইনিই (মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)! লোকটি তাঁকে বলল, হে 'আবদুল মুত্তালিবের পৌত্র! উত্তরে নবী সাল্লাল্লাহু অলাইহি ওয়াসাল্লাম তাকে বললেনঃ আমি তোমার কথা শুনেছি। এরপর লোকটি বলল, হে মুহাম্মাদ! আমি আপনাকে জিজ্ঞেস করছি ..... এরপর হাদীসের শেষ পর্যন্ত।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

## **English**

Anas b. Malik reported :



A man entered the mosque on camel and made it kneel down, and then tied his leg with rope. He then asked: Who among you is Muhammad? The Messenger of Allah (May peace be upon him) was sitting leaning upon something among them. We said to him: This white (man) who is leaning. The man said: O son of 'Abd al-Muttalib. The Prophet (peace be upon him) said; I already responded to you. The man (again) said: O Muhammad. I am asking you. The narrator then narrated the rest of the tradition.

### ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ ইলম, অনুঃ বলুন, হে আল্লাহ আমার জ্ঞান বৃদ্ধি করে দিন), নাসায়ী (অধ্যায়ঃ সিয়াম, অনুঃ সিয়াম ওয়াজিব হওয়া, হাঃ ২০৯১২), ইবনু মাজাহ (অধ্যায়ঃ সালাত, অনুঃ পাঁচ ওয়াক্ত সালাত ফার্য ও তার হিফাযাত করা, হাঃ ১৪০২) শারীক সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন